



বিজ্ঞানমনস্ক জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ  
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
Website: [www.nmst.gov.bd](http://www.nmst.gov.bd)



নং- ৩৯.৪০৩.০৩১.০০.০০.১৫৩.২০১৭- ২৩৭

তারিখঃ ২০/৯/২০২১ খ্রিস্টাব্দ

কারণ দর্শানোর নোটিশ

এ মর্মে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ শাহিন, গ্যালারি এটেনডেন্ট, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আপনার বিরুদ্ধে এ সংস্থার উর্ধ্বতন আর্টিস্ট জনাব সৌমিত্র কুমার বিশ্বাস অসদাচারণের অভিযোগ এনেছেন। বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে সংস্থার উপপরিচালক জনাব এ.জে.এম. সালাহুউদ্দিন নাগরী'কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে দুর্ব্যবহার এবং অসৌজন্যমূলক আচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত দেয়া হয়েছে।

আপনি মানসিক হয়রানি ও অফিসিয়াল অপপ্রচার প্রসঙ্গে সংস্থার সাবেক ওয়ার্কশপ এটেনডেন্ট (আউটসোর্সিং) জনাব আকলিমা খাতুনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দাখিল করেন। আপনার লিখিত অভিযোগের প্রেক্ষিতে সংস্থার সিনিয়র কিউরেটর (উপসচিব) জনাব এ. কে. এম. লুৎফুর রহমান সিদ্দীক'কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী আপনি যে অভিযোগ দায়ের করেছেন, তা সঠিক নয় মর্মে মতামত দেয়া হয়েছে।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর প্রবিধান ৩৭ (খ) অনুযায়ী আপনি অসদাচারণের দায়ে দোষী।

এমতাবস্থায়, আপনার বিরুদ্ধে কেন বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা, এ পত্র প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে তার জবাব মহাপরিচালক মহোদয় বরাবর দাখিলের জন্য নির্দেশ দেয়া হলো। অন্যথায় আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

*(Handwritten signature)*

(মোঃ হাবিবুর রহমান)  
পরিচালক (যুগ্মসচিব)

জনাব মোঃ শাহিন  
গ্যালারি এটেনডেন্ট  
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

১। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১। সিনিয়র কিউরেটর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।

২। উপপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।

৩। কিউরেটর (সকল), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।

৪। প্রধান ডিসপ্লে কর্মকর্তা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।

৫। সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৭। অফিস নথি।